১১/৭/২০০১

তারিখ ...... পৃষ্ঠা ...৬... কলাম ...৩...

দৈনিক ইনকিলাব

# ঢাঃবিঃ'র ক্যাম্পাস থেকে সন্ত্রাসীদের বিতাড়িত করে বৈধ ছাত্রদের হলে অবস্থানের পরিবেশ সৃষ্টি করুন

## — ১৫৬ জন শিক্ষক

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৫৬ জন শিক্ষক গতকাল (মঙ্গলবার) এক বিবৃতিতে অবিলম্বে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে অস্ত্রধারী ও সন্ত্রাসীদের বিতাড়িত ও বৈধ ছাত্রদের হলে অবস্থানের অনুকূল পরিবেশ সৃষ্টির কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য ,পুলিশ ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট জোর দাবী জানিয়েছেন। বিবৃতিতে বর্তমান সরকার ক্ষমতা ত্যাগের পূর্ব মুহূর্তে বিশ্ববিদ্যালয় প্রশাসনসহ দেশের গুরুত্বপূর্ণ প্রশাসনিক পদসমূহ দখল নেয়ার যে প্রক্রিয়া শুরু হয়েছে, এর তীব্র প্রতিবাদ জানিয়ে এ পদক্ষেপ গ্রহণ করা থেকে বিরত থাকার আহবান জানানো হয়।

শিক্ষকবৃন্দ বিবৃতিতে উল্লেখ করেন, বর্তমান সরকার ক্ষমতায় অধিষ্ঠিত হবার পর সরকারসমর্থক সন্ত্রাসীরা অস্ত্রের জোরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল দখল করেই ক্ষান্ত হয়নি, এসব সন্ত্রাসী হলের বৈধ ছাত্রদের জোরপূর্বক হল থেকে বের করে দেয়। বিশ্ববিদ্যালয়ে দখলদারিত্ব প্রতিষ্ঠার পর এরা চাঁদাবাজি, অপহরণ, খুন, রাহাজানিসহ বিভিন্ন অপরাধমূলক তৎপ্ররতা অবাধে চালিয়ে যাচ্ছে। অথচ পুলিশ বাহিনী ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এদের বিরুদ্ধে কোন কার্যকর ব্যবস্থা গ্রহণ তো করেইনি, উল্টো তাদের বিভিন্নভাবে সহায়তা প্রদান করেছে। যেসব চিহ্নিত অপরাধীকে সুনির্দিষ্ট অভিযোগে ইতোপূর্বে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হয়েছিল, সম্প্রতি তাদের সে বহিষ্কারাদেশ প্রত্যাহার করা হয়েছে। এসব সন্ত্রাসী ও অপরাধী দুষ্কৃতকারী পুলিশ ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের ছত্রচ্ছায়ায় ক্যাম্পাসে অস্ত্রের মহড়া দিয়ে চলেছে এবং সাধারণ ছাত্রছাত্রীদের ভীতি প্রদর্শন করছে। বিবৃতিতে শিক্ষকগণ গভীর উদ্বেগ প্রকাশ করে বলেন, এ ধরনের একটি বিভীষিকাময় পরিস্থিতিতে বর্তমান সরকার তাদের সমর্থক ছাত্রকর্মী ও সন্ত্রাসীদের অস্ত্রের লাইসেন্স প্রদান করছে। দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠে বিরাজমান চরম নিরাপত্তাহীনতায় বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক ও কর্মচারীদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে। বিবৃতিতে অনতিবিলম্বে ক্যাম্পাস থেকে সন্ত্রাসীদের বিতাড়িত করার দাবী জানিয়ে শিক্ষকবৃন্দ বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সিন্ডিকেট ও শিক্ষক সমিতিসহ কারো মতামত না নিয়ে প্রাইভেট সিকিউরিটি ফোর্স গঠনের পাঁয়তারা করছে। ক্যাম্পাসে এ ধরনের অস্ত্রধারী ফোর্স গঠন ও মোতায়েন সম্পূর্ণ নজিরবিহীন ও বিশ্ববিদ্যালয় পরিবারের কাছে অনাকাঙ্ক্ষিত। বিবৃতিতে শিক্ষা ও অস্ত্রকে পাশাপাশি স্থান করে দেয়ার এরূপ ঘৃণ্য অপতৎপরতার তীব্র প্রতিবাদ জানিয়ে তা বন্ধ করার জন্য কর্তৃপক্ষের নিকট জোর দাবী জানানো হয়।

বিবৃতিতে স্বাক্ষর করেন ঃ প্রফেসর মাহমুদ-উল-আমীন, প্রফেসর ওয়াকিল আহমদ, প্রফেসর এস এম এ ফায়েজ, প্রফেসর ফজলুল ওয়াহিদ, প্রফেসর মোহাম্মদ আসাদুজ্জামান, প্রফেসর মোঃ খলিলুর রহমান, প্রফেসর নজরুল ইসলাম, প্রফেসর আনোয়ারুল্লাহ চৌধুরী, ফেরদৌস হোসেন, প্রফেসর জিয়াউস শামস, এস এম হক, প্রফেসর জেড এন তাহমিদা বেগম, প্রফেসর আবদুল আজিজ, প্রফেসর আবুল বাসার, প্রফেসর সৈয়দ আবুল কালাম আজাদ, প্রফেসর তালুকদার মনিরুজ্জামান, প্রফেসর আমজাদ হোসেন, প্রফেসর আনোয়ার হোসেন, প্রফেসর এম এরশাদুল বারী, প্রফেসর সাইদ-উর-রহমান, প্রফেসর মুস্তাফিজুর রহমান, প্রফেসর ইফতেখার আউয়াল, প্রফেসর মোঃ শফিকুর রহমান, প্রফেসর মোঃ সিরাজুল ইসলাম, প্রফেসর আ ফ ম ইউসুফ হায়দার, প্রফেসর আবুল কালাম মনজুর মোরশেদ, প্রফেসর আবুল কালাম প্রমুখ।